



স্বাস্থ্য পরিচর্যা অধিকারের বিল

নিউ ইয়র্ক সিটিতে স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র সহ সরকারি সুবিধাকেন্দ্রে ব্যক্তির যৌনগত অভিমুখ, লিঙ্গগত পরিচয় বা লিঙ্গগত অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্যমূলক আচরণ করা বেআইনি।

নিউ ইয়র্ক সিটির মধ্যে স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা গ্রহণ করার সময় আপনার কা এই অধিকারগুলি আছে:

1. সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে সমস্ত প্রদানকারী, কর্মী সদস্য এবং স্বেচ্ছাসেবী দ্বারা সম্মান, মর্যাদা এবং পেশাদারিত্বের সাথে চিকিৎসার অধিকার
2. সহানুভূতি সম্পন্ন, ধারণা-মুক্ত এবং সম্পূর্ণ পরিচর্যা গ্রহণ করার অধিকার যা আপনার যৌনগত অভিমুখ, যৌনগত আচরণ, লিঙ্গগত পরিচয় এবং লিঙ্গগত অভিব্যক্তির প্রতি সচেতন। এই অধিকার সমস্ত স্বাস্থ্য পরিষেবার জন্য প্রযোজ্য, এবং নিম্নলিখিতের প্রতি নির্দিষ্ট গুরুত্ব প্রদান করে:
 - 2a. প্রাথমিক পরিচর্যা
 - 2b. আপৎকালীন পরিচর্যা
 - 2c. যৌন স্বাস্থ্য পরিচর্যা, প্রতিরোধমূলক পরিষেবা সহ; ঝুঁকি এবং ক্ষতি লঘুকরণ পরামর্শ; এবং HIV, যৌন সংক্রমণ ভাইরাল হেপাটাইটিস এবং HPV-সম্পর্কিত ক্যান্সারের জন্য পরীক্ষণ এবং চিকিৎসা
 - 2d. লিঙ্গ পরিবর্তন-সম্পর্কিত পরিচর্যা
 - 2e. প্রজনন স্বাস্থ্য পরিচর্যা এবং পরিবার পরিকল্পনা
 - 2f. মানসিক এবং আচরণগত স্বাস্থ্য সেবা
 - 2g. মানসিক আঘাত পরবর্তী পরিচর্যা, ঘৃণাত্মক হিংসার পরবর্তী পরিচর্যা সহ, যৌনগত হিংসা এবং ঘনিষ্ঠ সঙ্গীর হিংসা
 - 2h. অ্যালকোহল এবং মাদক ব্যবহার মূল্যায়ন, পরামর্শ এবং চিকিৎসা
3. যৌনগত ইতিহাস, বর্তমান যৌন জীবন, যৌনগত তৃপ্তি এবং সম্পর্ক সহ আপনার স্বাস্থ্য এবং স্বাস্থ্য পরিচর্যা প্রয়োজনের ব্যাপারে প্রদানকারীর সাথে সম্মানজনক আলোচনা করার অধিকার
4. আপনার লিঙ্গগত পরিচয় এবং লিঙ্গত অভিব্যক্তির স্বীকৃতি, সুনিশ্চিতকরণ এবং নথিভুক্ত করার অধিকার, নিম্নলিখিত সহ:

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার লিঙ্গগত পরিচয় বা লিঙ্গত অভিব্যক্তির কারণে আপনার সঙ্গে অপব্যবহার করা হয়েছে বা পরিচর্যা বা পরিষেবা অস্বীকার করা হয়েছে তাহলে মানব অধিকার সম্পর্কে নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশনে (New York City Commission on Human Rights) অভিযোগ জানানোর জন্য 311 বা 718-722-3131 নম্বরে কল করুন।

- 4a.** কর্মী সদস্যরা আপনার স্ব-ঘোষিত নাম এবং সর্বনাম পদ ব্যবহার করছেন এবং আপনি আপনার শরীরকে বর্ণনা করার জন্য যে ভাষা ব্যবহার করেন তা প্রতিফলিত করছে
- 4b.** পেপার এবং ইলেক্ট্রনিক ফর্ম এবং চিকিৎসাগত নথিপত্র দেখার অধিকার যা আপনার স্ব-ঘোষিত নাম, সর্বনাম পদ এবং লিঙ্গগত নির্দেশক ব্যবহার করে
- 4c.** আপনার লিঙ্গগত পরিচয় এবং লিঙ্গগত অভিব্যক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সিঙ্গেল-সেক্স সুবিধাকেন্দ্র ব্যবহার করার অধিকার
- 5.** আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্যের জন্য প্রদানকারীর অনুরোধের স্পষ্ট ব্যাখ্যা এবং কাকে এই তথ্য দেখানো হবে তা জানার অধিকার এবং তথ্য প্রকাশ না করার অধিকার
- 6.** সমস্ত চিকিৎসাগত প্রক্রিয়া এবং ঝুঁকির স্পষ্ট ব্যাখ্যার অধিকার; যে কোনও চিকিৎসা নির্বাচন এবং প্রত্যাখার করার অধিকার এবং আপনার চিকিৎসাকে ঝুঁকিগ্রস্ত না করে কোনও গবেষণায় অংশগ্রহণ না করার অধিকার
- 7.** যৌনগত অভিমুখ, লিঙ্গগত পরিচয় এবং লিঙ্গগত অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্য-মুক্ত স্বাস্থ্য-সম্পর্কিত কভারেজ এবং সুবিধা ব্যবহার করার অধিকার
- 8.** যদি আপনি চিকিৎসাগত সিদ্ধান্ত নিতে না পারেন তাহলে কে সিদ্ধান্ত নেবে তা বেছে নেওয়ার অধিকার; এবং, অপ্ৰাপ্তবয়স্কদের জন্য এই সিদ্ধান্তের মধ্যে আপনার ইচ্ছা এবং শ্রেষ্ঠ স্বার্থ অন্তর্ভুক্ত করার অধিকার
- 9.** আপনাকে কোনও স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে ভর্তি করা হলে কে আপনার সঙ্গে দেখা করতে পারবে এবং পারবে না সে সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার অধিকার
- 10.** ব্যক্তিগত বিষয় এবং গোপনীয়তার অধিকার

এই অধিকারগুলি সমস্ত নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে প্রযোজ্য যেখানে চিকিৎসাগত এবং অন্যান্য সামাজিক সহায়ক পরিষেবা প্রদান করা হয়, হসপিটাল; আপৎকালীন রুম; আর্জেন্ট কেয়ার সেন্টার; ক্লিনিক; ফিজিশিয়ান, নার্স প্যাক্টিশনার্স এবং ফিজিশিয়ান অ্যাসিস্টেন্টস অফিস; নার্সিং হোম; এবং দীর্ঘ-মেয়াদী পরিচর্যা কেন্দ্র; এবং কমিউনিটি-ভিত্তিক সংস্থা সহ।

এই অধিকারগুলি পাঁচটি বরোর মধ্যে সমস্ত নিউ ইয়র্ক সিটি আবাসিক এবং পরিদর্শকদের জন্য প্রযোজ্য।

আরও তথ্যের জন্য

nyc.gov/health/lgbtq-এ যান।